গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
আইসিটি শাখা।
www.jhenaidah.gov.bd .

জেলা আইসিটি কমিটির মে ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।

সভার তারিখ : ১৯-০৫-২০১৯ খ্রিঃ
সভার সময় : বেলা ১২.৩০ ঘটিকা।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্যপ্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর অধিকতর গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহকে অনুরোধ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার আলোকে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

আলোচ্য সূচি:

০১। **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভার শুরুতে এপ্রিল ২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কারো কোন বক্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) সভায় তথ্য ও যোগাযোগ বিভাগ হতে প্রেরিত ৩০ এপ্রিল ২০১৯ তারিখের ৫৬.০৪.০০০০.০০৩.০৯.০০২.১৭-৫৬৪ নং স্মারক পত্রটি উপস্থাপন করেন এবং জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত সভা আহবানসহ সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে ই-নথি ও ইমেইল-ictcommitteereport@gmail.com) এবং একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির নিকট প্রেরণের বিষয়টি সভাপতিকে অবহিত করেন।

সিদ্ধান্ত: এপ্রিল ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত আইসিটি কমিটির সভা আহবান সহ কার্যবিবরণী আইসিটি অধিদপ্তর সহ একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নকারী: উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (আইসিটি), ঝিনাইদহ।

০২। **মাল্টিমিডিয়া ক্লাসরুম:** এ জেলায় সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে । মাল্টিমিডিয়া ক্লাসরুমের মার্চ ২০১৯ ও এপ্রিল ১৯ মাসের তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	উপজেলার নাম	মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা		মাল্টিমিডিয়া ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা	এপ্রিল ১৯ মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান (মাসিক/শতকরা গড়)	মার্চ ১৯ মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান (মাসিক/শতকরা গড়)
০১	ঝিনাইদহ সদর	কলেজ	12	১০	51.0	43.0
		স্কুল	76	69		

		মাদরাসা	27	১৯		
০২	কালীগঞ্জ	কলেজ	১০	০৮	54.2	41.8
		স্কুল	৫০	৪৩		
		মাদরাসা	25	২১		
০৩	কোটচাঁদপুর	কলেজ	৮	০৩	64.9	62.6
		স্কুল	25	২২		
		মাদরাসা	09	09		
০৪	মহেশপুর	কলেজ	১০	১০	63.0	48.7
		স্কুল	46	4১		
		মাদরাসা	2৫	20		
০৫	শৈলকুপা	কলেজ	১৪	১২	26.8	19.7
		স্কুল	5৯	৪২		
		মাদরাসা	14	০৮		
০৬	হরিণাকুণ্ডু	কলেজ	৬	০৭	19.1	15.0
		স্কুল	4১	৪১		
		মাদরাসা	1২	১০		
	মোট		৪৬৯	৩৯১		

উপর্যুক্ত চিত্রে দেখা যায় সকল উপজেলায় আপলোডের হার গত মাসের তুলনায় বেড়েছে তবে ১০০% হয়নি। শৈলকুপা ও হরিণাকুণ্ডু উপজেলার আপলোডের হার কম। আপলোডের হার বাড়ানোর জন্য সভাপতি সকল উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারদের নির্দেশনা প্রদান করেন এবং প্রতিদিন কমপক্ষে ০৫টি ক্লাসের তথ্য ছবিসহ আপলোডের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত: এপ্রিল ২০১৯ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান ১০০% এ উন্নীত করতে হবে। কোন সমস্যা দেখা দিলে সহকারী প্রোগ্রামারদের সাথে যোগাযোগ করবেন। প্রতিদিন কমপক্ষে ০৫টি ক্লাসের তথ্য ছবিসহ আপলোড করতে হবে।

বাস্তবায়নকারী: জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ও সহকারী প্রোগ্রামার, ঝিনাইদহ।

০৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন: জেলা প্রশাসক, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং উপজেলা নির্বাহী অফিসারগণ পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শন করছেন। ফেব্রুয়ারি ২০১৯ মাসের ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন/পরিদর্শনের তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	দর্শন/পরিদর্শনকারী কর্মকর্তা	প্রমাপ		অর্জন		মন্তব্য
		পরিদর্শন	দর্শন	পরিদর্শন	দর্শন	

০১	জেলা প্রশাসক,ঝিনাইদহ	-	০২	০০	০৩	প্রমাপ অর্জিত হয়েছে
০২	উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ	০১	০২	০৮	০০	প্রমাপ অর্জিত হয়েছে
০৩	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ	০২	০১	০২	০১	প্রমাপ অর্জিত হয়েছে
০৪	উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর	০১	০২	০৩	০৪	প্রমাপ অর্জিত হয়েছে
০৫	উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ	০১	০২	০৪	০০	প্রমাপ অর্জিত হয়েছে
০৬	উপজেলা নির্বাহী অফিসার,কোটচাঁদপুর	০১	০২	০১	০২	প্রমাপ অর্জিত হয়েছে
০৭	উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর	০১	০২	০৪	০৪	প্রমাপ অর্জিত হয়েছে
০৮	উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা	০১	০২	০১	০২	প্রমাপ অর্জিত হয়েছে
০৯	উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুণ্ডু	০১	০২	০২	০৩	প্রমাপ অর্জিত হয়েছে

উপর্যুক্ত চিত্র হতে দেখা যায়, এপ্রিল ২০১৯ মাসে সকল কর্মকর্তার প্রমাপ অর্জিত হয়েছে। পরিদর্শন বিবরণী পরবর্তী মাসের তিন তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত: প্রতি মাসে প্রমাপ অনুযায়ী বা তার বেশী ডিজিটাল সেন্টার দর্শন/পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নকারী: উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) উপজেলা, ঝিনাইদহ।

০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: ওয়েব পোর্টাল হালনাগাদ করণের বিষেয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি), ঝিনাইদহ সভায় বলেন, জেলা পর্যায়ে সকল প্রতিষ্ঠানই তথ্য বাংলা ও ইংরেজি ভাষাতে আপলোড করেছেন। তবে উপজেলা পর্যায়ে এ হার সন্তোষজনক নয়। বিষয়টিতে উপজেলা নির্বাহী অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদাননের জন্য অনুরোধ জনানো হয়। নিয়মিত নতুন তথ্য আপলোড ও পুরাতন তথ্য সংযোজন করতে হবে। কোন অফিস যদি পোর্টাল হালনাগাদ না করে থাকে তা দেখে ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত: জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ বাংলা ও ইংরেজি উভয় ভাষাতে তথ্য সংযোজন করবেন এবং মোবাইল নম্বর ও ই-মেইল সংযোজন করবেন।

বাস্তবায়নকারী: প্রতিষ্ঠান প্রধান/সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ।

০৫। ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি: ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি) উপস্থিত সকলকে জানান, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে। এর মধ্যে এ জেলায় মোট ৫৬ অফিসে ই-ফাইলিং কার্যক্রম চালু রয়েছে। এপ্রিল ২০১৯ মাসে উপজেলা নির্বাহী অফিসারদের কার্যালয়ের ই-ফাইলিং সংক্রান্ত তথ্য নিম্নরুপ:

অফিসের নাম	ব্যবহার কারী	ডাক		নথি			
		ডাক গ্রহণ	নিষ্পন্ন	স্ব উদ্যোগে নোট	ডাক থেকে সৃজিত নোট	নিষ্পন্নকৃত নোট	মোট পত্রজারী
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর	০৬	২২৬	১২০	৩৪	১০৪	১২২	৮০
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ	০৪	৪১১	৪৩০	৫৭১	৩৫৩	৬৪৫	৭৭৩
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কোটচাঁদপুর	০৪	২৭৩	২৮২	১৫৪	২১১	২৮১	২৮৭
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহেশপুর	০৩	২০৬	৮৭০	৮৬	৮৮	২৪৫	৯৪
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,শৈলকুপা	০৪	৩৭৪	৩৮৪	১৩০	৩৪৮	৪১১	১৫১
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,হরিণাকুণ্ডু	০৩	৩৯৮	৪৬৬	১০৪৫	৩৯১	১১৭৬	৩৮৩

উপর্যুক্ত তথ্য হতে দেখা যায়, ই-ফাইলিং কার্যক্রমে ঝিনাইদহ সদর ছাড়া সকল উপজেলার অবস্থান ভাল তবে মহেশপুরের অবস্থা গতমাসের তুলনায় ভাল। এ বিষয়ে আরো ভাল করতে হবে। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও জেলা তথ্য অফিস সারাদেশের মধ্যে ০১ নম্বর অবস্থান ধরে রেখেছে। এ বিষয়ে সভাপতি সভার মাধ্যমে তাদেরকে ধন্যবাদ জানান এবং এ অবস্থান ধরে রাখার জন্য অনুরোধ জানান। পাশাপাশি অন্যান্য সরকারি প্রতিষ্ঠান প্রধানদের ও সকল চিঠি ই-ফাইলিং এর মাধ্যমে জারী করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত: সকল অফিসের অফিস প্রধানগণ ই-ফাইলিং কার্যক্রম আরো বৃদ্ধি করবেন। সকল পত্র ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করবেন। জরুরী প্রয়োজনে এ কার্যালয়ের সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগ করবেন।

বাস্তবায়নকারী: উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (আইসিটি)/ অন্যান্য অফিসের অফিস প্রধানগণ, ঝিনাইদহ।

০৬। ডিজিটাল হাজিরা: জেলা শিক্ষা অফিসার জানান এ জেলায় ৪৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে এ পর্যন্ত ৩১৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করা হয়েছে। সকল স্কুলে ডিজিটাল হাজিরা চালু হলে ছাত্র ছাত্রীসহ শিক্ষকদের যথাসময়ে হাজির নিশ্চিত হবে এবং শিক্ষার পরিবেশ তৈরী হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারদের পুনরায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত: সকল স্কুলে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করতে হবে শিক্ষক সহ ছাত্র ছাত্রীদের যথাসময়ে স্কুলে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নকারী: উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা/উপজেলা শিক্ষা অফিসার।

০৭। শেখ রাসেল ডিজিটাল ল্যাব: জেলা শিক্ষা অফিসার জানান ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাধ্যমে "সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলায় মোট ৫৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে "**শেখ রাসেল ডিজিটাল ল্যাব**" স্থাপন করা হয়েছে। ল্যাবের কার্যক্রম ভালভবেই চলছে। ল্যাব প্রধানগণ কোন অভিযোগ জানাননি। এর মধ্যে নতুন ল্যাবপ্রাপ্ত ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবের আসবাবপত্র ও ল্যাব স্থাপনের করা হয়েছে এবং ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রদানের কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত: ল্যাবের কম্পিউটার সহ সকল যন্ত্রপাতি ব্যবহারে অধিক যত্নবান হতে হবে। ল্যাবের কোন ল্যাপটপ বা মাল্টিমিডিয়া যেন হারিয়ে না যায় সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসারকে জানাতে হবে।

বাস্তবায়নকারী: উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)/ সহকারী প্রোগ্রামার (সকল)।

০৮। বিবিধ আলোচনা: জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে সকল স্কুলের প্রধান শিক্ষকদের নিয়ে প্রতিমাসে সভা করে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস নেয়ায় তথ্য ছবিসহ আপলোডের নির্দেশনা প্রদানের জন্য সভাপতি অনুরোধ করেন। প্রয়োজনে তাদের ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত: নিয়মিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রতিমাসের তিন তারিখের মধ্যে সভার কার্যবিবরণী ই-ফাইলিং এর মাধ্যমে এ কর্যালয়ে প্রেরণ করতে হবে এবং সকলপত্র ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। শিক্ষকদের ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তাবায়নে: অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা ও উপজেলা শিক্ষা অফিসার (সকল) ঝিনাইদহ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি কমিটি
ঝিনাইদহ।
ফোন- ০৪৫১-৬২৩০১
E-mail: dcjhenaidah@mopa.gov.bd

জ্যৈষ্ঠ
১৪২৬

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০১৯.০২.০০১.১৮-
তারিখ:-------------------------।

মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-১, ২, ৩ ও ৪ আসন ও উপদেষ্টা জেলা আইসিটি কমিটি, ঝিনাইদহ।

০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৪। পুলিশ সুপার, ঝিনাইদহ।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ।

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/**শিক্ষা** ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/শৈলকুপা/ হরিণাকুন্ডু/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর, ঝিনাইদহ ।

০৮। অধ্যক্ষ, ..., ঝিনাইদহ।

০৯। জেলা .... কর্মকর্তা, ঝিনাইদহ।

১০। উপজেলা মাধ্যমিক **শিক্ষা** অফিসার................................., ঝিনাইদহ।

১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। জনাব ....।

সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।